

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 29 /WBHRC/SMC/2018

Dated: 18. 04. 2018

Enclosed is the news clipping appeared in the 'Eaisamay,' a Bengali daily dated 17.04.2018, the news item is captioned 'জামিন পেয়েই হামলা চালান প্রাক্তন প্রেমিক'

Deputy Commissioner of Police, South-West Division is directed to enquire into the matter and to submit a report by 25th May, 2018.

mudry: 18/4/2018.
(Naparajit Mukherjee)
Acting Chairperson

M.S. Dwivedy
(M.S. Dwivedy)
Member

জামিন পেয়েই হামলা চালান প্রাক্তন প্রেমিক

এই সময়: টানাপোড়েনে সম্পর্ক
ভেঙে গিয়েছিল। তিক্ততা গড়ায়
পুলিশ পর্যন্ত। প্রেপ্তারও করা
হয়েছিল প্রেমিককে। জামিনে ছাড়া
পেয়ে সেই যুবকই হামলা চালান
প্রাক্তন প্রেমিকার উপরে। বেহালার
পর্ণশ্রীতে এই ঘটনায় মঙ্গলবার রাত
পর্যন্ত অবশ্য অভিযুক্ত অধরা।

অভিযুক্তের নাম সৌম্য ভট্টাচার্য।
অভিযোগকারিণীর দাবি, সোমবার
সন্ধ্যায় পড়াতে যাওয়ার সময়ে সৌম্য
বইকে এসে দুই যুবক তাঁর পথ
আগলে দাঁড়ায়। দু'জনের মাথা
হেলমেটে ঢাকা ছিল। তাদের একজন
যে সৌম্যই, সে বিষয়ে একপ্রকার
নিশ্চিত অভিযোগকারিণী। পুলিশকে

বেহালা পর্ণশ্রী

তিনি জানিয়েছেন, হামলাকারীদের
হাত থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা
করতেই আসে প্রাণে মারার ছমকি।

সৌম্যর সঙ্গে অভিযোগকারিণীর
আলাপ ফেসবুকের মাধ্যমে। তার
পরে দেখাসাক্ষাৎ হয়। ক্রমশ গড়ে
ওঠে একটি সম্পর্ক, যার কথা দুই
বাড়িতেও জানত। কিন্তু কয়েক
দিনের মধ্যেই শুরু হয় সম্পর্কে
টানাপোড়েন। একসময়ে সম্পর্ক
ভেঙে যায়। এর পরে সৌম্য ওই
তরুণীর উপরে শারীরিক এবং
মানসিক নির্যাতন শুরু করে বলে
অভিযোগ। শেষ পর্যন্ত পুলিশের
দ্বারস্থ হন ওই তরুণী। প্রেপ্তার করা
হয় সৌম্যকে। কিন্তু জামিনে ছাড়া
পেয়েই সে ফের বেপরোয়া হয়ে
উঠেছে বলে অভিযোগ।
অভিযোগকারিণীর দাবি, যে ভাবে
তাঁকে প্রাণে মারার ছমকি দেওয়া
হচ্ছে, তাতে তিনি আতঙ্কে বাড়ি
থেকেও তিনি বেরোচ্ছেন না।